# চাকরি খোঁজা

# Encontrar um emprego


Espen Stranger-Johannessen

Sunniva Høiby-Øiset

Tahmina Akter


4

বাংলা bn / português pt

আলিশার একটি চাকরি দরকার, কারণ তার পরিবারের খাবার ও কাপড়ের জন্য টাকার প্রয়োজন।

• • •

A Alisha tem de encontrar um emprego porque a sua família precisa de dinheiro para comida e roupas.

নিজ দেশে আলিশা কাজ করত না, তবে সে খুব ভাল রাঁধতে পারে এবং মানুষের সাথে কথা বলতেও পছন্দ করে।

• • •

A Alisha não trabalhou no seu país de origem, mas ela cozinha bem e gosta de conversar com as pessoas.

সে কি রেস্টুরেন্টে কাজ করতে পারে? আলিশা চাকরির পোস্টের জন্য ইন্টারনেটে খোঁজাখুঁজি করে।

• • •

Talvez ela pudesse trabalhar num restaurante? A Alisha pesquisa na Internet por anúncios de emprego.

সে শেফ এর চাকরির জন্য একটি বিজ্ঞাপন খুঁজে পায়। শেফ হল সেই ব্যাক্তি, যিনি একটি রেস্টুরেন্টে রান্না করেন।

• • •

Ela encontra um anúncio para chef, que é alguém que cozinha num restaurante.

সে চাকরির ইন্টারভিউ দিতে যায়। রেস্টুরেন্ট ম্যানেজার তাকে বলেন যে, তাদের শেফ হিসাবে প্রশিক্ষণ নিয়েছে এমন কাউকে দরকার।

• • •

Ela vai à entrevista de emprego. O gerente do restaurante diz-lhe que precisam de alguém com formação como chef.

আলিশা হতাশ হয়ে পড়ে, তবে সে “খাদ্য ও আতিথেয়তা” নামে একটি কোর্স এ অংশগ্রহণ করে। সে আশা করে যে, এটি তাকে একটি রেস্টুরেন্টে চাকরি পেতে সাহায্য করবে।

• • •

A Alisha fica desiludida, mas faz um curso chamado “Culinária e hotelaria”. Ela espera que isso a ajude a ter emprego num restaurante.

আলিশাকে তার প্রশিক্ষণ কোর্সের অংশ হিসেবে একটি রেস্টুরেন্টে কাজ করতে হয়। সে বেতন পায় না, তবে সে কাজের অভিজ্ঞতা অর্জন করে।

• • •

Como parte do curso, a Alisha tem de trabalhar num restaurante. Não lhe pagam, mas ela fica com experiência de trabalho.

সে তার সিভিতে কোর্সের সম্পর্কে যাবতীয় তথ্য যুক্ত করেছে। সে যে সমস্ত কাজ করেছে এবং যে কোর্সগুলোতে অংশগ্রহণ করেছে, তার বিবরণই হল সিভি।

• • •

Ela adiciona os detalhes do curso no seu CV. Um CV é uma descrição de todo o trabalho que ela fez e todos os cursos que fez.

পরের বার আলিশা যখন কোন রেস্টুরেন্টে চাকরির ইন্টারভিউ দিতে যায়, তখন তাকে চাকরির প্রস্তাব দেওয়া হয়। এটা কঠিন কাজ। তাকে প্রায়ই সন্ধ্যায় কাজ করতে হয়, যখন তার বাচ্চারা স্কুল থেকে বাড়িতে চলে আসে।

• • •

Na vez seguinte que a Alisha vai a uma entrevista num restaurante, oferecem-lhe um emprego. É um trabalho duro. Frequentemente tem de trabalhar à noite, enquanto os seus filhos estão em casa depois da escola.

সে গর্বিত যে সে একটি চাকরি পেয়েছে, যাতে সে নিজের টাকা দিয়ে তার পরিবারের জন্য খাবার ও কাপড় কিনতে পারে।

• • •

Ela sente orgulho em ter um emprego que lhe permite comprar comida e roupas para a sua família com o seu próprio dinheiro.

# LIDA Stories

lidastories.net

## চাকরি খোঁজা

## Encontrar um emprego

Espen Stranger-Johannessen
Sunniva Høiby-Øiset
Tahmina Akter (bn), Marta Pinto (pt)

CC BY